গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হোসেনপুর, কিশোরগঞ্জ।

"হাটবাজার ইজারা বিজ্ঞপ্তি"

স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০৪১ .০৩০ .০২. ০০. ০০২. ২০১১. ৮৭০ , তারিখ ২১/০৯/২০১১খ্রিঃ মূলে হাটবাজার ইজারা সংক্রান্ত নীতিমালার আলোকে হোসেনপুর উপজেলাধীন নিম্নেবর্ণিত হাট-বাজারসমূহ বাংলা ১৪২৫ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ১(এক)বৎসর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী প্রতিষ্ঠান/ব্যক্তিগণের নিকট থেকে নিম্নেবর্ণিত শর্তে নির্ধারিত সিডিউলে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে । শর্তাবলী সম্বলিত দরপত্র সিডিউল দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নিম্নোক্ত বাজারের পার্শ্বে বর্ণিত টাকায় অফেরতযোগ্য নগদ মূল্যে বিজ্ঞপ্তি প্রকাশের দিন থেকেই (০১) জেলা প্রশাসকের কার্যালয়(এল জি শাখা), কিশোরগঞ্জ (০২) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হোসেনপুর (৩)সহকারী কমিশনার(ভূমি), হোসেনপুর (৪) অফিসার ইন চার্জ, হোসেনপুর থানা ও (৫) সোনালী ব্যাংক লিঃ, হোসেনপুর শাখা থেকে ক্রয় করা যাবে ।

ক্রয়কৃত দরপত্রসমূহ আগামী ২৬/০২/২০১৮খ্রিঃ তারিখ সকাল ৯.০০ টা থেকে বেলা ১.০০ টা পর্যন্ত (০১) জেলা প্রশাসকের কার্যালয়(এলজি শাখা)(০২) পুলিশ সুপারের কার্যালয়,কিশোরগঞ্জ (০৩) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হোসেনপুর ও (০৪) সহকারী কমিশনার(ভূমি), হোসেনপুর এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করা যাবে এবং উক্ত তারিখেই বেলা ৩.০০ ঘটিকায় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে ।

উক্ত তারিখে প্রাপ্ত দরপত্রসমূহ যদি কাঙ্খিত ইজারা মূল্যের না হয় বা কোন কারণে দরপত্র বাতিল হয়ে যায় তা হলে পরবর্তীতে কোন বিজ্ঞপ্তি প্রদান ব্যতিরেকেই আগামী ১২/০৩/২০১৮খ্রিঃ তারিখ ২য় পর্যায়, ২২/০৩/২০১৮খ্রিঃ তারিখ ৩য় পর্যায়, ২৯/০৩/২০১৮খ্রিঃ তারিখ ৪র্থ পর্যায় এবং ১০/০৪/২০১৮খ্রিঃ তারিখ ৫ম পর্যায় উপরোক্ত অফিস সমূহে পূর্বোক্ত নিয়মে দরপত্র সিডিউল ক্রয় এবং দরপত্র দাখিল করা যাবে ।

"হাটবাজারের বিবরণ"

ক্রমিক নং	হাটবাজারের নাম	অবস্থান/ইউনিয়ন	১৪২৫ বাংলা সনের সম্ভাব্য সরকারী মূল্য	সিডিউলের মূল্য	মন্তব্য
০১	হাজীপুর কাচারী বাজার ও গো-হাট	জিনারী ইউ,পি	৪,৮২,১৬৮/-	১,৬০০/-	
০২	হোগলাকান্দি বাজার	-ঐ-	১৩,৬২৩/-	৫০০/-	
০৩	হারেঞ্জা বাজার ও গো-হাট	সিদলা ইউ,পি	৮,৯৮,৮১০/-	২,৪০০/-	
০৪	মেছেড়া বাজার	-ঐ-	২,৬৬৮/-	৫০০/-	
০৫	গড়বিশুদিয়া বাজার	-ঐ-	১৩,৮২৪/-	৫০০/-	
০৬	বাবুর বাজার	-ঐ-	৫০০/-	১০০/-	
০৭	পিতলগঞ্জ বাজার ও গো-হাট	-ঐ-	১৩,৪৯,৫১৮/-	৩,৪০০/-	
০৮	কাপাসাটিয়া বাজার	গোবিন্দপুর ইউ,পি	৪৯,৬৯৬/-	৫০০/-	
০৯	রায়গঞ্জ বাজার	-ঐ-	৭৪,৯৮৪/-	৫০০/-	
১০	লাখুহাটি বাজার	-ঐ-	--	--	মোকদ্দমাভূক্ত
১১	আশুতিয়া বাজার	শাহেদল ইউ,পি	৪২,৫৩৪/-	৫০০/-	
১২	ঠাডারকান্দা বাজার	-ঐ-	৭২,৮৫৮/-	৫০০/-	
১৩	গলাচিপা বাজার	-ঐ-	৬,১২৪/-	৫০০/-	নবসৃষ্ট বাজার
১৪	রামপুর বাজার	পুমদী ইউ,পি	৯৯,০৫০/-	৫০০/-	
১৫	আদুমাস্টার বাজার	-ঐ-	৬,৫০৯/-	৫০০/-	
১৬	পুমদী ইউপি বাজার	-ঐ-	১,৮৮০/-	৫০০/-	
১৭	চরপুমদী বাজার ও গো-হাট	-ঐ-	৯,৫৯,৪০৩/--	২,৬০০/-	

(চলমান পৃষ্ঠা-০২)

শর্তাবলী

১। বাংলা ১৪২৫ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র ১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাটবাজার ইজারা দেওয়া হবে ।

২। দরপত্র দাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে **উপজেলা নির্বাহী অফিসার, হোসেনপুর,কিশোরগঞ্জ** এর অনুকূলে জমা দিতে হবে । ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে । উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে । ইজারা গ্রহীতা নিয়মিত হাটবাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে । বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে ।

৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫%(শতকরা পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর)অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে । অন্যথায়, বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে ।

৪। প্রাপ্ত দরপত্রসমূহের মধ্যে সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত দর যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারী মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে ।

৫। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না । দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না । এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না ।

৬।খামের উপর দরপত্র দাতার নাম,ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে ।

৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে । বিনা রশিদে টোল আদায় করা যাবে না । ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাঙ্গিয়ে প্রচার করবেন ।

৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে । দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে ।

৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না ।

১০। ইজারার সমস্ত অর্থ(ভ্যাট,আয়করসহ) পরিশোধের ৩(তিন)কার্যদিবসের মধ্যে ৩০০/-(তিনশত)টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে ।

১১।দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে ।

১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন ।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষন করবেন ।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না ।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলিয়া গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে ।

১৬। হাটবাজারের ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে ।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হইলে ইজারা বাতিল করা যাইবে ।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন ।

০১/২

(আবদুল্লাহ আল মামুন)
উপজেলা নির্বাহী অফিসার
হোসেনপুর,কিশোরগঞ্জ ।

স্মারক নং-০৫.৪১.৪৮২৭.০০০.০০.০০০.১৮-৯২(১৫০)

তারিখঃ ০১/০২/২০১৮খ্রিঃ ।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২।কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৩। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
৪। পুলিশ সুপার,কিশোরগঞ্জ ।

(চলমান পৃষ্ঠা-০৩)

৫।উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, কিশোরগঞ্জ কালেক্টরেট।
৬। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কিশোরগঞ্জ।
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হোসেনপুর, কিশোরগঞ্জ ।
৮। উপজেলা নির্বাহী অফিসার .... (সকল), কিশোরগঞ্জ। তাঁকে উপরোক্ত বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
৯। মেয়র, হোসেনপুর পৌরসভা, হোসেনপুর,কিশোরগঞ্জ ।
১০। সহকারী কমিশনার (ভূমি), হোসেনপুর, কিশোরগঞ্জ।
১১। উপজেলা .... অফিসার, হোসেনপুর, কিশোরগঞ্জ (সকল)। অবগতি ও তার কার্যালয়ে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য তাকে অনুরোধ কর হলো ।
১২। সাব-রেজিষ্টার, হোসেনপুর, কিশোরগঞ্জ।
১৩। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ/অগ্রণী ব্যাংক লিঃ/কৃষি ব্যাংক, হোসেনপুর, কিশোরগঞ্জ।
১৪। পোষ্ট মাষ্টার, হোসেনপুর উপজেলা পোষ্ট অফিস, হোসেনপুর, কিশোরগঞ্জ।
১৫। চেয়ারম্যান, ... (সকল), ইউনিয়ন পরিষদ, হোসেনপুর, কিশোরগঞ্জ। তাকে উপরোক্ত বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়েএবংমাইক/ঢোলসহরতের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো ।
১৬।ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা .... (সকল) .... ইউনিয়ন ভূমি অফিস, হোসেনপুর, কিশোরগঞ্জ। তাকে উপরোক্ত বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৭।জনাব .... ইজারাদার/প্রাক্তন ইজারাদার................................বাজার, হোসেনপুর।
১৮। নোটিশ বোর্ড।
১৯। অফিস কপি।

(আবদুল্লাহ আল মামুন)
উপজেলা নির্বাহী অফিসার
হোসেনপুর,কিশোরগঞ্জ ।